

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৩০

জিরানীয়া, ১০ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০

পুরাতন আগরতলা ব্লকে সভা

পুরাতন আগরতলা ব্লকের সভাগৃহে আজ দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। বিধায়ক রতন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল, ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ, বিডিও শান্তনু দত্ত, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় বিধায়ক রতন চক্রবর্তী বলেন, সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা যাতে সমাজের অস্তিম ব্যক্তি কাছে পৌঁছে দিতে দ্বিতীয় পর্যায়ে এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সভায় পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল জানান, আগামী ১৪ নভেম্বর থেকে ব্লকের বিভিন্ন গ্রামপঞ্চায়েত ও এডিসি ভিলেজগুলিতে বিকাশ সভা ও শিবির অনুষ্ঠিত হবে। শেষ হবে ২৮ নভেম্বর। এর পর ২৯ এবং ৩০ নভেম্বর অনুষ্ঠিত হবে ব্লকভিত্তিক বিকাশ শিবির।

\*\*\*\*\*